দিনের বেলায় বাঁশি তোমার বাজিয়েছিলে অনেক সুরে –
গানের পরশ প্রাণে এল, আপনি তুমি রইলে দূরে ॥
        শুধাই যত পথের লোকে   'এই বাঁশিটি বাজালো কে' –
        নানান নামে ভোলায় তারা, নানান দ্বারে বেড়াই ঘুরে ॥
এখন আকাশ ম্লান হল, ক্লান্ত দিবা চক্ষু বোজে –
পথে পথে ফেরাও যদি মরব তবে মিথ্যা খোঁজে ।
        বাহির ছেড়ে ভিতরেতে   আপনি লহো আসন পেতে –
        তোমার বাঁশি বাজাও আসি আমার প্রাণের অন্তঃপুরে ॥

---

Parjaay: Puja, Taal: Kaharwa, Raag: Behag

Visit www.geetabitan.com for notation and other detail